**1 (Sem–4/FYUGP) BEN 42 MN/(A)**

**2 0 2 6**

BENGALI

( Minor )

Paper : BEN4400604MN

( প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য পাঠ )

( Set–A )

*Full Marks* : 60

*Time* : 2½ hours

*The figures in the margin indicate full marks for the questions.*

১। নির্দেশানুসারে অতি সংক্ষেপে উত্তর দাও : ১×৮=৮

(ক) 'হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধ গান ও দোহা' গ্রন্থটি কোথা থেকে প্রকাশিত হয়েছিল?

(খ) 'চর্যাগীতি' সংকলনে কোন্ কবির সর্বাধিক পদ পাওয়া যায়?

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কয়টি খণ্ডে বিভক্ত?

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির আবিষ্কার সালটি হলো ১৯০১ / ১৯০৯ / ১৯১৬।

( সঠিক উত্তরটি নির্বাচন করো )

(ঙ) 'প্রসাদী সুর'-এর স্রষ্টা কে ছিলেন?

(চ) ''গিরি, এবার আমার উমা এলে
আর উমা পাঠাবো না।''
পদটির রচয়িতা কে?

(ছ) বৈষ্ণব পদাবলির মাথুর পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে ছিলেন?

(জ) চৈতন্য-পূর্ববর্তী যে কোনো একজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

২। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো ছয়টি) : ২×৬=১২

(ক) 'চর্যাগীতি' গ্রন্থটি কে, কত সালে আবিষ্কার করেছিলেন?

(খ) ''টালত মোর ঘর নাহি পড়বেষী।
হাঁড়ীত ভাত নাহি নিতি আবেশী॥''
'পড়বেষী' ও 'আবেশী' শব্দ দুটির আক্ষরিক অর্থ লেখো।

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রথম ও শেষ খণ্ড দুটির নাম লেখো।

(ঘ) কৃষ্ণের জন্ম কোন্ নক্ষত্র ও কোন্ তিথিতে হয়েছিল?

(ঙ) ''ওরে নবমী নিশি না হইও রে অবসান''—পদটির রচয়িতা কে? এটি শাক্ত পদাবলির কোন্ পর্যায়ের পদ?

(চ) উমার পিতা ও মাতার নাম লেখো।

(ছ) ''সই কেবা শুনাইল শ্যাম নাম''—পদটির পদকর্তা কে? পদটি বৈষ্ণব পদাবলির কোন্ রস-পর্যায়ের অন্তর্গত?





(জ) পূর্বরাগ পর্যায়ের পদ রচনায় কৃতিত্ব দেখিয়েছেন এই রকম দুজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

(ঝ) ''আজু রজনী হাম ভাগে পোহায়লুঁ''—পদটির রচয়িতা কে? পদটি কোন্ ভাষায় রচিত?

(ঞ) 'চর্যাগীতির' যে কোনো দুজন কবির নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) ''সোনে ভরিলী করুণা নাবী।
রূপা থোই নাহিক ঠাবী॥''
তাৎপর্য বুঝিয়ে লেখো।

(খ) 'চর্যাগীতি' গ্রন্থের নামকরণের সার্থকতা সংক্ষেপে বিচার করো।

(গ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'জন্মখণ্ড' অবলম্বনে শ্রীকৃষ্ণের আবির্ভাবের কারণ ব্যক্ত করো।

(ঘ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'তাম্বুলখণ্ড' অবলম্বনে রাধার রূপের বর্ণনা দাও।

(ঙ) শাক্ত পদাবলির যে কোনো একজন কবি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(চ) ''তনয়া পরের ধন, বুঝিয়া না বুঝে মন,
হায় হায়, একি বিড়ম্বনা বিধাতার।''
তাৎপর্য বুঝিয়ে লেখো।

(ছ) ''রাধার কি হৈল অন্তরে ব্যথা।
বসিয়া বিরলে থাকয়ে একলে
না শুনে কাহারো কথা॥''
সপ্রসঙ্গ ব্যাখ্যা করো।

(জ) ''রূপ লাগি আঁখি ঝুরে গুণে মন ভোর''—পদটির কাব্যসৌন্দর্য বিচার করো।

৪। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) চর্যাগীতিতে তৎকালীন সমাজজীবনের যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের তাম্বুলখণ্ডের বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করো।

(গ) মাথুর বলতে কী বোঝ? এই পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির কৃতিত্ব তোমার পঠিত বিদ্যাপতির পদ অবলম্বনে বুঝিয়ে লেখো।

(ঘ) শাক্ত পদাবলিতে আগমনী পর্যায়ের গান বলতে কোন্ ধরনের গানগুলোকে বোঝানো হয়েছে? এই পর্যায়ের পদ রচনায় কবি রামপ্রসাদ সেনের কৃতিত্বের পরিমাপ করো।

(ঙ) পূর্বরাগ বলতে কী বোঝ? এই পর্যায়ের পদ রচনায় চণ্ডীদাসের কৃতিত্ব তোমার পঠিত পদ অবলম্বনে পরিমাপ করো।

★★★